Faruque Hassan
President

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/ ২০৩

তারিখঃ ২৭/০৮/২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ নগদ সহায়তার বিপরীতে উৎসে আয়কর কর্তনকে চূড়ান্ত করদায় হিসেবে কার্যকর করা প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং- ২৫৩-আইন/আয়কর-০৯/২০২৩, তারিখ: ২৩/০৮/২০২৩।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সকলের দৃষ্টি আকর্ষণ করছি। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সূত্রোক্ত এস.আর.ও এর মাধ্যমে নগদ সহায়তার বিপরীতে উৎসে আয়কর কর্তনকে চূড়ান্ত করদায় হিসেবে কার্যকর করা সহ সঞ্চয়ী আমানত ও স্থায়ী আমানত ইত্যাদি হতে অর্জিত সুদ বা মুনাফা এবং সঞ্চয়পত্র হতে অর্জিত মুনাফা থেকে কর্তনকৃত আয়করকে চূড়ান্ত করদায় হিসেবে কার্যকর করার জন্য বিজিএমইএ'র পক্ষ থেকে চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ডসহ সংশ্লিষ্ট সকলকে আন্তারিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

আপনারা জানেন, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ রহিত করে যুগোপযোগী ও সময়োপযোগী করে নতুন আয়কর আইন, ২০২৩ কার্যকর করা হয়েছে। উক্ত আয়কর আইনের ধারা ১১২ তে রপ্তানির জন্য প্রদেয় নগদ সহায়তার বিপরীতে ১০% উৎসে আয়কর কর্তনের নির্দেশনা প্রদান করা হয়েছে, তবে তা চূড়ান্ত করদায় হিসেবে কার্যকর করার কোন নির্দেশনা পূর্বের ন্যায় অন্য কোন ধারাতে উল্লেখ করা হয়নি। যার ফলে আয়কর রিটার্ন এসেসমেন্টের সময়ে পুনরায় আয়কর ধার্য করার সুযোগ সৃষ্টি হয়েছে।

নগদ সহায়তার বিপরীতে উৎসে আয়কর কর্তনের হার হ্রাস করে তা চূড়ান্ত করদায় হিসেবে কার্যকর করার জন্য বিজিএমইএ হতে জাতীয় রাজস্ব বোর্ডকে অনুরোধ জানানো হয়। বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে নগদ সহায়তার বিপরীতে উৎসে আয়কর কর্তনকে চূড়ান্ত করদায় হিসেবে কার্যকর করে সূত্রোক্ত এস.আর.ও জারী করা হয়েছে। আপনাদের প্রয়োজনীয় জ্ঞাতার্থে ও কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত এস.আর.ও এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

আমরা আশা করি এই আদেশ জারীর ফলে রপ্তানিকারকদের আর্থিকভাবে অনেক সহায়তা হবে।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
- বাংলাদেশ তৈরি -

Shahinur-customs

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ২৩, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ/২৩ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও নং ২৫৩-আইন/আয়কর-০৯/২০২৩**—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১)-এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত সারণীর কলাম (২)-এ উল্লিখিত উৎস হইতে অর্জিত আয়ের বিপরীতে কলাম (৩)-এ উল্লিখিত ধারার অধীন উৎসে কর্তিত করের পরিমাণকে চূড়ান্ত করদায় হিসেবে নির্ধারণ করিয়া উক্ত উৎস হইতে অর্জিত আয়ের বিপরীতে উদ্ভূত অতিরিক্ত কোনো করদায় পরিশোধ হইতে এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:—

| ক্রমিক নং | আয়ের উৎস | যে ধারার অধীন উৎসে কর কর্তনযোগ্য | যে সকল ব্যক্তির জন্য প্রযোজ্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | সঞ্চয়ী আমানত ও স্থায়ী আমানত, ইত্যাদি হইতে অর্জিত সুদ বা মুনাফা | ১০২ | ধারা ১৬৬(২) অনুযায়ী রিটার্ন দাখিল হইতে অব্যাহতি প্রাপ্ত করদাতাগণ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ২। | সঞ্চয়পত্র হইতে অর্জিত মুনাফা | ১০৫ | সকল স্বাভাবিক ব্যক্তি করদাতা |
| ৩। | রপ্তানির বিপরীতে প্রাপ্ত নগদ ভর্তুকি | ১১২ | সকল করদাতা |

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd